বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
এসএসসি- ২০২২ এর
নির্বাচনী অ্যাসাইনমেন্ট
বিষয় :বাংলা প্রথম পত্র (সৃজনশীল প্রশ্ন)
বিষয় কোড:১০১

সময় :২ ঘণ্টা ৩০মিনিট পূর্ণমান:৭০

[বি:দ্র:ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

ক -অংশ: গদ্য

১। ফারহান ও ফারিয়া ধনাঢ্য পরিবারের ছেলেমেয়ে। নিজেদের জগৎ নিয়ে তারা ব্যস্ত। বেশির ভাগ সময় মোবাইলের ফেসবুকে সময় অতিবাহিত করে। একে অপরের সঙ্গে নিয়মিত দেখাও হয় না তাদের। কথাও হয় না। অন্যদিকে বাড়ির দারোয়ানের ছেলেমেয়ে রানা ও রানু একে অপরের সবচেয়ে বড় বন্ধু। তারা এক সঙ্গে স্কুলে যায়। খেলাধুলা ও দুষ্টুমিও করে থাকে। ওদের মা জরিনা রাগ করে তাদের আলাদা করে দিলেও কিছুক্ষণ পর ঝগড়া ভুলে তারা এক সঙ্গে মিলে যায় এবং খাওয়ার সময় এক সঙ্গেই খায়।

(ক) হরিহর রায়ের জ্ঞাতি-ভ্রাতার নাম কী? ১
(খ) দুর্গা অপুকে সাবধানে তেল নিতে বলেছিল কেন? ২
(গ) উদ্দীপকের রানা-রানু ও 'আম আঁটির ভেঁপু' গল্পের অপু আর দুর্গার মধ্যে সাদৃশ্য কোথায় ? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকের জরিনা ও 'আম আঁটির ভেঁপু' গল্পের সর্বজয়া মূলত একই আদর্শের ধারক- মন্তব্যটি যর্থাথ কিনা আলোচনা কর। ৪

২। ১ম : আমেরিকানদের চোখে পারী হচ্ছে ইউরোপের রাজধানী। পারীর আসল সৌন্দর্য তার প্রশস্ত সরল রাজপথগুলো। পারীর যারা আসল অধিবাসী তারা খুব খাটতে পারে। আহার সম্বন্ধে এদের মোগলাই রুচি।

২য় : 'একি অপরূপ রূপে মা তোমার হেরিণু পল্লি জননী।
ফুলে ও ফসলে কাদা মাটি জলে,
ঝলমল করে লাবণী হেরিণু পল্লি জননী।'

ক. সৈয়দ মুজতবা আলী কত সালে মৃত্যুবরণ করেন। ১
খ. রিলিপ ম্যাপের চেহারা বলতে লেখক কি বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের দ্বিতীয় অংশে ‘প্রবাস বন্ধু’ রচনার আব্দুর রহমানের চেতনার কোন দিকটি প্রতিফলিত হয়েছে – ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রথম অংশে ‘প্রবাস বন্ধু’ রচনার লেখকের আফগানিস্তান ভ্রমণের আংশিক প্রতিচ্ছবি ফুটে উঠেছে – উক্তিটি মূল্যায়ন কর। ৪

৩। আধুনিক কালের সৃষ্টি, গদ্যে লিখিত ও সর্বাধিক পঠিত। এর প্রধান উপজীব্য হলো প্লট বা আখ্যান ভাগ, যা বিভিন্ন চরিত্রের সমন্বয়ে গড়ে ওঠে ।

ক.বাংলা সাহিত্যে গীতি কবিতার আদি নিদর্শন কী? ১
খ. গল্প লেখা কাদের জন্য লাঞ্ছনাতুল্য বলে সাহিত্য-গবেষক শ্রীশচন্দ্র দাশ মনে করেন? ব্যাখ্যা করো। ২
গ.উদ্দীপকের বক্তব্যে 'সাহিত্যের রূপ ও রীতি'রচনার সাহিত্যের কোন শাখার বৈশিষ্ট্য বিদ্যমান–ব্যাখ্যা কর। ৩
ঘ.'উদ্দীপকে বর্ণিত দিকটিই সাহিত্যের একমাত্র দিক নয় বরং এর শাখা–প্রশাখা বিস্তৃত-বিশ্লেষণ কর । ৪

## খ-অংশ:পদ্য

৪. 'চেয়ে দেখি ছাতার মতন বড় পাতাটির নিচে
বসে আছে ভোরের দোয়েল পাখি
চারি দিকে চেয়ে দেখি পল্লবের স্তূপ
জাম-বট-কাঁঠালের হিজলের অশ্বত্থের
করে আছে চুপ ;
ফণীমনসার ঝোপে শটিবনে তাহাদের ছায়া পড়িয়াছে । '

ক. কবি জীবনানন্দ দাশের দৃষ্টিতে বাংলাদেশ কী রকম? ১
খ. 'পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল।' উক্তিটি বুঝিয়ে লিখ। ২
গ. উদ্দীপকের সঙ্গে 'সেইদিন এই মাঠ' কবিতার সাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. "উদ্দীপকের প্রকৃতিপ্রেম 'সেইদিন এই মাঠ' কবিতায়ও অনুরণিত হয়েছে।" মূল্যায়ন কর। ৪

৫। বিধবা মায়ের একমাত্র সন্তান সাহেদ। ভাগ্যের সন্ধ্যানে সে পাড়ি দেয় সৌদি আরবে। সে সেখানে একটা কারখানাতে কাজ করে। সে মাকে মাঝে মাঝে ফোন করে।কিন্তু তাতে মায়ের মন ভরে না। মা নামাজ পড়ে ছেলের জন্য দোয়া করে যেন ছেলে তার ভাল থাকে সর্বদাই।

ক. 'পল্লিজননী' কবিতায় কোন ফলের কথা বলা হয়েছে? ১
খ. 'আজও রোগে তার পথ্য জোটে নি'- পথ্য না জোটার কারণ কী? ২
গ. উদ্দীপকে 'পল্লিজননী' কবিতার যে দিকটি প্রতিফলিত হয়েছে তা তুলে ধর। ৩
ঘ. প্রতিফলিত দিকটিই 'পল্লিজননী' কবিতার সমগ্রভাবকে ধারণ করে কি? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

## গ-অংশ:উপন্যাস

৬. 'তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক এলো
দানবের মতো চিৎকার করতে করতে
তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
ছাত্রাবাস, বস্তি উজাড় হলো।
রিকয়েললেস রাইফেল আর মেশিন গান খই ফোটাল যত্রতত্র।'

(ক) দোকান পুড়ে যাওয়ায় আলী কোন গাছের নিচে চা বিক্রি করে? ১
(খ) বুধা কেন চাচির প্রতি কৃতজ্ঞ হয়ে ওঠে? ২
(গ) উদ্দীপকের জলপাই রঙের ট্যাঙ্কটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চিত্রের প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) "উদ্দীপকটিতে 'কাকতাড়ুয়া' উপন্যাসের আংশিক ভাব ফুটে উঠেছে মাত্র।"—মন্তব্যটির যথার্থতা যাচাই কর। ৪

## ঘ-অংশ:নাটক

৭.পিতৃ-মাতৃহারা আয়শা মামার বাড়িতে থাকে। মামি তাকে বোঝা মনে করে। তাই বিয়ের বয়স হওয়ার আগেই তাকে এক বৃদ্ধের সাথে জোর করে বিয়ে দিয়ে দেয়। আয়শা এই বিয়ে মেনে নিতে পারেনি। তাই পালিয়ে সে শহরে চলে যায় এবং একটি গার্মেন্টসে কাজ নিয়ে আত্মনির্ভরশীল হয়ে ওঠে।

ক. তাহেরার মা-বাবা কী জন্য বহিপীরের সাথে তার বিয়ে দিলেন? ১
খ. 'এমন মেয়েও কারো পেটে জন্মায় জানতাম না" – কথাটি বলার কারণ কী? ২
গ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের যে দিকটি প্রকাশ পেয়েছে ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের আয়শা এবং 'বহিপীর' নাটকের তাহেরা পুরোপুরি এক রকম নয়" মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
(এসএসসি -২০২২ এর)
নির্বাচনী অ্যাসাইনমেন্ট
বিষয়:বাংলা প্রথম-পত্র (জ্ঞানমূলক প্রশ্ন)
বিষয় কোড:১০১
[বি:দ্র: উত্তর প্রাসঙ্গিক হতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১। ]

সময়: ৩০ মিনিট পূর্ণমান:৩০

১. প্রমথ চৌধুরী সম্পাদিত সাময়িকীর নাম কী ছিল?
২. দর্শনের চর্চা করা যায় কোথায়?
৩. ১৭ ই মে সোমবার ১৯৭১ সালের 'আজকের কাগজে' কত জন বুদ্ধিজীবী ও শিল্পীদের নামে বিবৃতি বেরিয়েছিল?
৪. জসীমউদ্দীনের কোন কাব্য বিভিন্ন ভাষায় অনূদিত হয়েছে?
৫. 'পল্লি-জননী' কবিতায় কোথায় 'নিবু নিবু দীপ ঘুরিয়া ঘুরিয়া জ্বলে'?
৬. 'বিয়ের ব্যাপার কী আইন-মোকদ্দমা নাকি?'- কথাটি কে বলেছিলেন?
৭. ' এই তন্দ্রাচ্ছন্ন বিবর্ণ বিকেল সেদিন ছিল না'- কোন দিন?
৮. হরিহরের মতে আজকাল চাষাদের ঘরে কী বাঁধা?
৯. দুর্গা পা টিপে টিপে এসে কোথায় দাঁড়াল?
১০.বাংলা সাহিত্যের প্রথম সার্থক ও কালজয়ী ঔপন্যাসিক কে?
১১. উপন্যাসের মূল লক্ষ্য পাঠকসমাজ হলে নাটকের মূল লক্ষ্য কোনটি ?
১২. 'জীবন সঙ্গীত' কবিতা অনুযায়ী কিসে মুক্তি নেই?
১৩. 'অনিত্য' শব্দের আভিধানিক অর্থ কী?
১৪. কোন শ্রেণির সাহিত্য প্লট, চরিত্র সৃষ্টি, সংলাপ, চিন্তা বা জীবনদর্শনের পরিস্ফুটন; মঞ্চায়ন সমস্ত কিছুর সমন্বয়ে এক ধরনের সুরসঙ্গতির সৃষ্টি করে?
১৫. 'রানার' কবিতায় রানার দস্যুর চেয়ে বেশি ভয় পায় কাকে?
১৬. "স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো" কবিতায় লোহার শ্রমিকরা কেন এসেছিল?
১৭. প্রহসন কী?
১৮. দেশি ভাষায় যার মন জুড়ায় না তাকে কবি কী করতে বলেছেন?
১৯. 'সে বড়ো খুশি বাৎ হবে হুজুর '- উক্তিটি কে করেছেন?
২০. 'বহিপীর ' নাটক কত অঙ্কে বিভক্ত?
২১. কোন গ্রন্থের জন্য বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রবীন্দ্র -পুরস্কারে ভূষিত হন?
২২. 'মমতাদি' গল্পে মাস্টারের চড় খেয়ে কার গালে আঙ্গুলের দাগ হয়েছিল?
২৩. বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস কোনটি ?
২৪. ' পোকামাকড়ের ঘরবসতি ' গ্রন্থের রচয়িতা কে ?
২৫. 'কাকতাড়ুয়া ' উপন্যাসে আগুনে পুড়ে মারা যায় কে?
২৬. ' ইস শখ কত! বানরের আবার চাঁদে যাওয়ার সাধ। '-উক্তিটি কে করেছেন?
২৭. ' বুঝেছি কিস্তিমাৎ করা চাল। '-উক্তিটি কার ?
২৮. সূর্যাস্ত আইন কত সালে প্রণীত হয় ?
২৯. নাটকের উপাদান কয়টি?
৩০. পল্লিজননী কবিতায় কয়টি পাখির নাম রয়েছে?